



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।



স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৩৬.০৪.১৩.২১.পলি:ইল:৩৯(স্টেপ). ২৪৪৩

তারিখঃ ২০/০১/২০২১ খ্রিঃ।

বিষয় : স্কিলস এন্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (স্টেপ) এর মাধ্যমে প্রকল্পের মেয়াদে খন্ডকালীন নিয়োগকৃত শিক্ষক জনাব মোঃ আব্দুল হালিম, জুনিয়র ইন্সট্রাক্টর (সিভিল), লক্ষীপুর পলিটেকনিক ইন্সটিটিউট, লক্ষীপুরের চাকুরী সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ১ : আইন সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০১৩.২০.পলি:ইল:৩৯(স্টেপ).২২৬৮ তারিখ: ১০.১১.২০২০খ্রিঃ।

সূত্র ২ : আইন শাখা-১, টিএমইডি, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০২৫.২০- ২৩২, তারিখ: ২৭.০৮.২০২০খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও ১ নং সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন স্কিলস এন্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (স্টেপ) এর মাধ্যমে প্রকল্পের মেয়াদে মাসিক সাকুল্য বেতনে খন্ডকালীন নিয়োগকৃত শিক্ষক জনাব মোঃ আব্দুল হালিম, জুনিয়র ইন্সট্রাক্টর (সিভিল), লক্ষীপুর পলিটেকনিক ইন্সটিটিউট, লক্ষীপুর কর্তৃক (STEP) শীর্ষক প্রকল্পে নিয়োজিত ৭৮৬ জন শিক্ষক কে সাময়িকভাবে বহাল রেখে শিক্ষা কার্যক্রম পরিচালনা করার জন্য প্রস্তুতকৃত তালিকায় বাদীর নাম অর্ন্তভুক্তকরণের আদেশ প্রাপ্তির জন্য মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৪২০২/২০১৯ দায়ের করেন।


২। কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন স্কিলস এন্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট শীর্ষক প্রকল্প (স্টেপ) টি ২০১৯ সালের জুন মাসে সমাপ্ত হয়। সরকার পক্ষের জবাব প্রস্তুতকরণে উক্ত মামলার ০৫ বিবাদী হিসাবে অধ্যক্ষ, লক্ষীপুর পলিটেকনিক ইন্সটিটিউট, লক্ষীপুর কর্তৃক গৃহিত পদক্ষেপের তথ্যাদি জানার প্রয়োজনীয়তা থাকায় বাদী জনাব মোঃ আব্দুল হালিমের চাকুরী সংক্রান্ত সকল তথ্যাদিসহ হালনাগাদ অবস্থা এবং মামলার ৫ নং বিবাদী কর্তৃক কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার হালনাগাদ তথ্যাদি কারিগরি শিক্ষা অধিদপ্তরের আইন সেলে প্রেরণের জন্য অধ্যক্ষ, লক্ষীপুর পলিটেকনিক ইন্সটিটিউট, লক্ষীপুর বরাবর ১ নং সূত্রস্থ স্মারকে পত্র প্রেরণ করা হয়।

৩। অদ্যবধি ১ নং সূত্রস্থ স্মারকের পত্রের জবাব অধ্যক্ষ, লক্ষীপুর পলিটেকনিক ইন্সটিটিউট, লক্ষীপুর কর্তৃক না পাওয়ায় উক্ত মামলায় সরকার পক্ষের জবাব প্রস্তুতকরণে বিলম্ব হচ্ছে।

৪। এমতাবস্থায়, কারিগরি শিক্ষা অধিদপ্তরের সূত্রস্থ পত্রের জবাব অদ্যবধি প্রেরণ না করার কারণ এবং বাদী জনাব মোঃ আব্দুল হালিমের চাকুরীর বর্তমান অবস্থাসহ সকল তথ্যাদি ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরের আইন সেলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৫। বিষয়টি অতীব জরুরী।

অধ্যক্ষ  
লক্ষীপুর পলিটেকনিক ইন্সটিটিউট  
লক্ষীপুর।

  
(ড. মোহা. আব্দুস ছালাম)  
যুগ্ম সচিব  
ও  
পরিচালক (ভোকেশনাল)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

০২। পরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০২। সহকারী পরিচালক-২, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ)।

০৪। পি এ টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫। সংরক্ষণ নথি।